করোনা ভাইরাস প্রতিরোধে মউক এর ব্যানার ও ফেস্টুন টাঙ্গানো সম্পন্ন

করোনা ভাইরাস প্রতিরোধে সকল মানুষকে সচেতনতা সৃষ্টি সহ সামাজিক দুরুত্ব মেনে চলতে স্থানীয় মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র মউক মাস ব্যাপী বিভিন্ন কর্মসুচীর অংশ হিসেবে জনাকীর্ন স্থান গুলোতে করোনা ভাইরাস প্রতিরোধে করনীয় লক্ষণ সমুহ ও হটলাইন সমুহের নম্বর সমুহ এ সকল তথ্য ব্যানারে উল্লেখ্য করা হয়।

বিশেষ করে মেহেরপুর শহর সহ জেলার বিভিন্ন গুরুত্বপূর্ন স্থানে টাঙ্গানো হয়। এর মাধ্যমে পথচারীদের মাঝে সচেতনতা বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

গাংনীর মাইলমারী গ্রামে কৃষকের ধান কেটে দিলো ছাত্রলীগ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের মাইলমারী গ্রামের আলিম নামের এক কৃষকের ৫ বিঘা ধান কেটে দিলো ছাত্রলীগ কর্মিরা।

সোমবার মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক মুন্তাছির জামান মৃদুলের নেতৃত্বে এ ধান কাটা কার্যক্রম শূরু হয়। কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক মানব উন্নয়ন বিচার সম্পাদক নাহিদ উজ্জামান জানান মেহেরপুর জেলা ছাত্রলীগের এমন কর্ম অবশ্যই প্রশংসানীয় সেই সাথে আমি আহ্বান জানাবো চাত্রলীগের মত করে যেন সকলেই এমন অসহায় কৃষকের পাশে দাড়ান।

জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক মুন্তাছির জামান মৃদুল জানান, জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গিকার বাস্তবায়ন করতে ও কেন্দ্রীয় ছাত্রলিগের সাবেক মানব উন্নয়ন বিচার সম্পাদক নাহিদ

উজ্জামান নাহিদের নির্দেশনায় আজকের মেহেরপুর জেলা ছাত্রলীগ, উপজেলা ছাত্র লীগ,কলেজ শাখা ছাত্রলীগ,পৌর ছাত্রলীগের সম্মিলিত প্রচেষ্টায় আমাদের এই ধান কাটা কার্যক্রম শুরু করেছি।নভেল করোনা ভাইরাসের কারনে যে সকল হত দরিদ্র পরিবার তাদের ধান কাটতে পারছেনা তারা জেলাছাত্র লীগ কে জানালে আমরা যথাসাধ্য চেষ্টা করবো ধান কেটে দেওয়ার।

গাংনী উপজেলা ছাত্র লীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু জানান, আজ থেকে আমাদের দরিদ্র কৃষকের ধান কেটে দেওয়ার কার্যক্রম শুরু যা চলতেই থাকবে। জেলাছাত্রলীগের নির্দেশনায় উপজেলা ছাত্র লীগ এমন মহৎ কাজে সবসময় প্রস্তুত। এসময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ ডালিম রানা,গাংনী উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও গাংনী কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুবায়ের হোসেন উজ্জ্বল সহ সকল ছাত্রলীগ কর্মি। হতদরিদ্র কৃষক আলিমের সাথে কথা বলা হলে তিনি জানান ছাত্রলীগের ভাইদের এমন উপকার পেয়ে তিনি অনেক খুশি। এবং এভাবেই যেন সবাই সবার পাশে দাড়ায় বলে জানান।

গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি

মেহেরপুর-২ (গাংনী) আসনের দুই বারের নির্বাচিত সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি মকবুল হোসেন ২৬ বছর ধরে একটি বাড়ি ভাড়া করে থাকলেও নিয়মিত ভাড়া পরিশোধ করেন না। এমনকি বাড়ির ছাড়া তো দুরের কথা সংস্কার করতেও দেন না বাড়ির মালিককে।

গাংনী পৌরসভা থেকে কয়েক দফা বাড়িটি পরিত্যক্ত ঘোষনা করা হলেও তিনি বাড়ি ছাড়েননি। বাড়িটি সংস্কারের ব্যবস্থাও নেননি। বাড়ি ছাড়া নিয়ে মালিকের সাথে দফায় দফায় গন্ডগোল, ঝামেলা হলেও তিনি ক্ষমতাবলে বাড়িটি অন্যায় করে দখল করে রেখেছেন।

প্রভাবশালী ব্যক্তি হওয়ায় বাড়ির মালিক সাবেক এ এমপি’র নির্যাতন নিরবে সহ্য করে যাচ্ছেন বছরের পর বছর। নিরবে চোখের পানি ফেলে যাচ্ছেন। কিন্তু কোন প্রতিকার পাচ্ছেন না। খুব দ্রুত বাড়িটি মকবুল হোসেনের কাছে থেকে ছাড়িয়ে নিতে চান বাড়ির মালিক জিনারুল ইসলাম। কিন্তু এলাকাবাসীর প্রশ্ন বিড়ালের গলায় ঘন্টা বাঁধবেন কে?

বাড়ির মালিক জিনারুল ইসলাম অভিযোগ করে মেহেরপুর প্রতিদিন কে বলেন, ১৯৯৪ সাল থেকে সাবেক এমপি মকবুল হোসেন মৌখিক ভাবে গাংনী শহরের উত্তরপাড়ায় দ্বিতল বিশিষ্ট তার বাড়িটি ভাড়া নেন। ভাড়া নেওয়ার পর থেকে নিয়মিত ভাড়া দেননা। মনকি মাঝে মধ্যে বাড়িটি সংস্কার করতে চাইলেও তিনি তা করতে দেননি। ক্ষমতাশালী হওয়ায় বাড়িটি ছাড়িয়েও নিতে পারছি না। বাড়িটি দ্রুত সংস্কার করার প্রয়োজন।

সংস্কার না করলে যে কোন দুর্যোগে ভেঙে পড়ার আশংকা রয়েছে। অনেক বার বাড়িটি ছেড়ে দেওয়ার কথা বললেও তিনি কান দেননি। এমনকি তার পোষা সন্ত্রাসী বাহিনী দিয়ে নানা ভাবে হুমকি দিয়ে থাকেন।

মালিক জিনারুল ইসলাম আরো বলেন, বাড়ি ছাড়িয়ে নেওয়ার জন্য একজন উকিলের সাথে কথা বলেছি। তিনি বলেছিলেন, ক্ষমতাবান মানুষের সাথে পারবেন না বলে তিনি মামলা করতে রাজি হননি।

যে কোন অবস্থায় বাড়িটি সাবেক এমপি মকবুল হোসেনর কাছে থেকে তারা মুক্ত করতে চান। তিনি আশংকা করছেন কোটি টাকার সম্পত্তিটি তাদের হাত ছাড়া হয়ে যায় কিনা। মাস ছয়েক আগে সাবেক মেয়র আহমেদ আলী ও বামন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলামকে নিয়েও একটি সালিশ বসে। তখনও তিনি বাড়িটি ছেড়ে দেওয়ার কথা বলেন, কিন্তু ছাড়েননি।

এ ব্যপারে বামন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম জানান, বাড়িটি নিয়ে মিমাংসা হয়েছিল। বাড়িটি ছেড়ে দেবেন বলে সাবেক এমপি সাহেব কথাও দিয়েছেন। কিন্তু কবে ছাড়বেন জানেন না।

স্থানীয় কাউন্সিলর নবির উদ্দিন বলেন, দির্ঘদিন ধরে সাবেক এমপি মকবুল সাহেবের সাথে বাড়ির মালিক জিনারুলের সাথে বাড়ি ছাড়া নিয়ে গন্ডগোল হয়। তবুও তিনি বাড়ি ছাড়েন না।

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, আগের মেয়র থাকতেই মকবুল সাহেবের বাড়িটি পরিত্যক্ত ঘোষনা করে নোটিশ দিয়েছেন। সেই নোটিশের আলোকে আমরা কয়েক দফা চিঠি পাঠিয়েছি তবুও তিনি সংস্কার

করার জন্যও বাড়িটি ছাড়েননি। বাড়িটি অত্যন্ত ঝুঁকির মধ্যে রয়েছে। যে কোন সময় বাড়িটি ভেঙে প্রাণহানী ঘটতে পারে। তবুও তিনি অন্যায় করে বাড়িটি দখলে রেখেছেন।

মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন জানান, বহু পুরাতন ঝামেলা এটি। এই বাড়ি নিয়ে বহুবার ঝামেলা হয়েছে। তবুও সাবেক এমপি সাহেব বাড়িটি ছাড়েন না।

এ ব্যাপারে সাবেক এমপি ও জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি মকবুল হোসেনের সাথে মেহেরপুর প্রতিদিন থেকে মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করা হলে তিনি বলেন, নামায পড়ছি পড়ে ফোন দেন। কিন্তু পরে ফোন দিলে তিনি আর ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে আরআরএস এর উদ্যোগে খাদ্য-বস্ত্র ও ওষুধ বিতরণ

মেহেরপুরে রুরাল রিকনষ্ট্রাকশন সোসাইটি (আরআরএস) এর উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী পোশাক ও ওষুধ বিতরণ করা হয়েছে।

রবিবার বিকালে সদর উপজেলার গোভিপুর গ্রামে আরআরএস এর কার্যালয়ে এসব বিতরণ করা হয়।

আরআরএস এর নির্বাহী পরিচালক ত্রাণ সামগ্রী বিতরণকালে বলেন, বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলাই আমরা এলাকার কিছু অসহায় মানুষের পাশে দাড়ানোর চেষ্টা করেছি। ভবিষ্যতেও আমাদের এই ধরনের কার্যক্রম চলমান থাকবে।

এসময় উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শাহজামান, আরআরএস এর কোওডিনেটর আক্তার হোসেন, সহ সভাপতি আশরাফ মাষ্টার, নির্বাহী সদস্য শামীম ইসলাম। গোভিপুর গ্রামের শতাধিক অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী পোশাক ও নিত্যপ্রয়োজনীয় ওষুধ সামগ্রী তুলে দেওয়া হয়।

মেপ্র/এমএফআর

সংবাদ প্রকাশের পর সহযোগিতা পেলেন সেই প্রতিবন্ধী পরিবার

মেহেরপুরের গাংনী উপজেলার ৮নং ধানখোলা ইউপির ৫নং ওয়ার্ডের বাসিন্ধা বিধবা মেহেনিগার প্রতিবন্ধী পরিবার সহযোগিতা পেলেন গত-৯-০৫-২০তারিখে মেহেরপুর প্রতিদিনে (আকাশ যখন ছাদ, রোদ-বৃষ্টি তারে নিত্য সঙ্গী) শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়া পর।

ঐ দিন জাতীয় গোয়েন্ডা সংস্থা মেহেরপুর অফিস থেকে নগদ অর্থ প্রদান করেন।

আজ রবিবার গাংনীর বন্ধন গ্রপের সদস্যদের পক্ষে থেকে বিভিন্ন খাবার সামগ্রী প্রদানের করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, আরিফুল ইসলাম(সোবান), শাহাজানান আলী, ব্বাপী, প্লাবন প্রমুখ।

গাংনীর বন্ধন গ্রপের পরিচালক আব্দুর সামাদ (সোহাগ) জানান, আগামীতে ঈদুল ফিতর উপলক্ষে মেহেনিগার প্রতিবন্ধী পরিবারকে আর্থিক সহযোগিতা করা হবে।

মেহেরপুরে সামাজিক দূরত্ব বজায় রেখে কেনাকাটায় সতর্কতা

কর্মসূচী

মেহেরপুরের মানব উন্নয়ন কেন্দ্র মউক এর উদ্যোগে সামাজিক দূরত্ব বজায় রেখে কেনাকাটা করতে সতর্কতা মূলক র্যালি করা হয়েছে।

রবিবার সকাল ১০ টার দিকে শামসু্জোহা পার্ক থেকে র্যালিটি শুরু করে বড় বাজার ঘুেরে একই স্থানে গিয়ে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম, যুবলীগ নেতা হিরন ও মউক এর সদস্যরা। এসময় যাদের মাস্ক ছিলনা তাদের মাঝে বিতরণ করা হয়।

আশাদুজ্জামান সেলিম বলেন, পবিত্র মাহে রমজান ও ঈদ উল ফিতর কে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আজ থেকে স্বল্প পরিসরে শপিং মল, দোকান পাট খোলা হয়েছে। এর পরিপেক্ষিতে সকাল হতে না হতে মানুষের সমাগম দেখা যায় তাদের মধ্যে নেই সামাজিক কোনো দূরত্ব। তাই আমরা সর্তকতা মূলক কর্মসূচী পালন করছি।

ব্যবসায়ী নেতা আমিনুল ইসলাম খোকন বলেন, আমরা যে সব দোকানে দেখছি মানুষ সমাগম তাদের কে সর্তক করার চেষ্টা করছি। তারা যেনো সামাজিক দূরত্ব বজায় রেখে বেচা কেনা করে। তিনি আরও বলেন, সব নিয়ম মেনেই যেনো ঈদের কেনাকাটা করতে পারে ক্রেতারা সে জন্য এ ধরণের কর্মসূচী চলবে।

গাংনীতে যুবকের মৃত্যু,নমুনা সংগ্রহ

মেহেরপুরের গাংনীতে অমিত হাসান নামের (১৮) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

শনিবার দিবাগত মধ্যরাতে তার নিজ বাড়িতে মৃত্যু হয়। করোনা সন্দেহে তার নমুনা সংগ্রহ করেছে স্বাস্থ্য বিভাগ। অমিত হাসান

আজান গ্রামের হাফিজুল ইসলামের ছেলে।

অমিত হাসানের মামি শেফালী খাতুন জানান, সে গত কয়েকদিন যাবত ঠান্ডা জ্বর ও কাশিতে ভুগছিলেন। গাংনী থানার ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, সীমিত সংখ্যক মুসল্লীনিয়ে জানাজা পড়ানোর জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়া জানাযা স্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম জানান, অমিত হাছান এর নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা পরীক্ষার ফলাফল হাতে পাওয়ার পর করুণা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে কিনা নিশ্চিত হওয়া যাবে।

মেহেরপুরে ফেসবুক আইডি হ্যাক করে অপপ্রচারের অভিযোগ

মেহেরপুর শহরের মল্লিকপাড়ার বাসিন্দা আব্দুল বাকি নামের এক ব্যক্তির ফেসবুক আইডি হ্যাক করে বিভিন্ন অপপ্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

আব্দুল বাক্কি’র ছেলে আব্দুল বাসেদ ২০১৮ সালের ২২ সেপ্টেম্বর মেহেরপুর সদর থানা এ বিষয়ে একটি সাধারণ ডাইরি করেন। যার নং- ১০৬৯।

সম্প্রতি আবারো একই আইডি থেকে বিভিন্ন ব্যক্তির নামে অপপ্রচার করা হচ্ছে। এ বিষয়ে আব্দুল বাক্কি’র ছেলে বাসেদ জানান, আমার আব্বার আইডি হ্যাক করে এর আগেও বেশ কিছু অশালিন পোষ্ট করা হয়েছিল। সম্প্রতি আবার ঐ হ্যাক হওয়া আইডি থেকে পুনরায় বিভিন্ন পোষ্ট দেওয়া হচ্ছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে স্বাস্থ্যবিধি মেনে কাল থেকে খুলছে দোকান-পাট

মেহেরপুর সহ সারা দেশে কাল থেকে সীমীত আকারে খুলে দেওয়া হবে দোকান-পাট ও শপিংমল। সকাল ১০টা থেকে বিকাল ৪ পর্যন্ত কর্যক্রম চালিয়ে যেতে পারবে ব্যবসায়ীরা। তবে সামাজিক দুরুত্ব ও স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম চালাতে হবে প্রতিষ্ঠানকে।

আন্ত জেলা ও আন্ত উপজেলা যোগাযোগ বা চলাচল কঠোর ভাবে নিয়ন্ত্রন করা হবে বলে জানিয়েছেন জেলা প্রশাসন।

মাঠ প্রশাসন সম্বনয় অধিশাখার উপসচিব ছাইফুল ইসলাম সাক্ষরিত এ সংক্রান্ত একটি নির্দেশনা দেওয়া হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, হাট-বাজার, দোকান-পাট, শপিংমল সকাল ১০ থেকে বিকাল ৪টা পর্যন্ত খোলা রাখা যাবে। সেই সাথে প্রতিটি শপিংমলের প্রবেশ মুখে হ্যান্ডস্যানিটাইজার ব্যবহারসহ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনায়লয়ের ঘোষিত সতর্কতা গ্রহন করতে হবে।

মেপ্র/এমএফআর

গাংনীতে অসহায় পরিবারের পাশে জেলা যুবলীগ

মানবতার সহায়তা নিয়ে মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন খাদ্য ও নগদ অর্থ নিয়ে ছুটে যান জেলা গাংনী উপজেলার ভবানিপুর গ্রামের এক অসহায় প্রতিবন্ধীর বাড়ি। ঐ বাড়িতে ৪ কন্যা রয়েছে সকলেই প্রতিবন্ধী। বিভিন্ন গণ মাধ্যমে প্রকাশ হয় তাদের অসহায়ত্বের কথা।

খবরটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নজরে আসলে সেখান থেকে কেন্দ্রীয় যুবলীগকে নির্দেশ দেন তিনি। কেন্দ্রীয় যুবলীগের নির্দেশক্রমে মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন শনিবার দুপুরে খাদ্য সহয়তা নিয়ে পৌছে যান সেই অসহায়ের মানুষের পাশে।
“গাংনীর প্রতিবন্ধী চার কন্যা নিয়ে অসহায় মা। আকাশ যখন ছাদ, রোদ-বৃষ্টি তার নত সঙ্গী” শীরোনামে একটি খবর মেহেরপুর প্রতিদিন ও বিভিন্ন গণ মাধ্যমে প্রকাশিত হয়। মূলোত এই খবরটি সককেলর দৃষ্টি গোচর হয় বলে জানান জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

অসহায় পরিবারটিকে ৫০ কেজি চাউল, ৫ কেজি করে ডাউল, আলু, পেয়াজ, সয়াবিন তেল, মুরগীর মাংস ছাড়াও সেমাই, সুজি চিনি ছাড়াও নগদ ৫ হাজার টাকা প্রদান করা হয়।

এসময় মাহফুজুর রহমান রিটন বলেন, এই পরিবারের জন্য আপাতত এক মাসের খাদ্য সহায়তা প্রদান করা হলো যাতে এই করোনা পরিস্থিতিতে তাকে না খেয়ে থাকতে হয়। তিনি আরও বলেন এটা আমাদের প্রাণ প্রিয় জননেত্রী শেখ হাসিনার নির্দেশ। করোনা পরিস্থিতিতে কর্মহীন মানুষ যেন কোন ভাবেই না খেয়ে না থাকে।

তিনি ঐ পরিবারকে সুন্দরভাবে যাতে থাকতে পারে সেজন্য একটি বাসযোগ্য বাড়ি করে দিবেন বলে আশ্বাস দেন।

পরে সকলের কাছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য দোয়া কামনা করেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।